



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/31/2023

গভর্নর ক্যাথি হোকল

ট্রান্সজেন্ডার দৃশ্যমানতার দিবস উদযাপন করে গভর্নর হোকল ঘোষণা জারি করেছেন

ট্রান্সজেন্ডার দৃষ্টিগোচরতা দিবস উদযাপন করতে স্টেটের ল্যান্ডমার্কসমূহ আলোকিত হবে

ট্রান্সজেন্ডার, নন-বাইনারি এবং ননকনফরমিং লিঙ্গের ব্যক্তিদের সমর্থন করতে নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতি নিশ্চিত করে গভর্নর হোকল [ভিডিও বার্তা](#) প্রকাশ করেছেন

[ট্রান্সজেন্ডার দৃষ্টিগোচরতা দিবসের ইস্তেহারটি পড়ুন এখানে](#)

গভর্নর ক্যাথি হোকল আজকে 31 মার্চ 2023 তারিখকে ট্রান্সজেন্ডার দৃষ্টিগোচরতা দিবস হিসেবে ঘোষণা করে একটি ইস্তেহার জারি করেছেন, এটি নিউ ইয়র্ক স্টেট এবং সারা দেশের ট্রান্স সম্প্রদায়কে উদযাপন করে। গভর্নর এছাড়াও ঘোষণা করেন যে, ট্রান্সজেন্ডার দৃষ্টিগোচরতা দিবস উদযাপন করার জন্য আজ 31 মার্চ রাতে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কসমূহ গোলাপি, সাদা ও হালকা নীল আলোতে আলোকিত হবে।

"যখন আমাদের দেশের আইন প্রণেতাগণ ট্রান্সজেন্ডার মানুষের অধিকারকে আক্রমণ করছে, নিউ ইয়র্ক স্টেট তখন এখানে এবং সারা বিশ্বে সম্প্রদায়টিকে সুরক্ষাদানের জন্য আমাদের প্রতিশ্রুতিতে অটল রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "আজকে এবং প্রতিদিন, ট্রান্সজেন্ডার, নন-বাইনারি এবং ননকনফরমিং লিঙ্গের ব্যক্তিদের প্রতি আমার বার্তা হলো: আমরা তোমাদের দেখছি, তোমাদের মূল্য বুঝি, এবং যাই হোক না কেন, নিউ ইয়র্ক স্টেটে তোমাদের স্বাগত জানানো হবে।"

ট্রান্সজেন্ডার দৃষ্টিগোচরতা দিবসের সম্মানে গভর্নরের ভিডিও বার্তাটি [এখানে](#) পাওয়া যাবে।

ট্রান্সজেন্ডার দৃষ্টিগোচরতা দিবসের উদযাপনে আলোকিত করা ল্যান্ডমার্কগুলির মধ্যে রয়েছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center, 1WTC)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ

- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- ন্যাগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক সেন্টার (The Lake Placid Olympic Center)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি খালের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge)
- ময়নিহান ট্রেন হল

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418